

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৮৮০

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৫৩. সালাতের মধ্যে দু'আ করা সম্পর্কে

باب الدُّعَاءِ فِي الصَّلَاةِ

আরবী

حَدَّثَنَا عَمْرُو بْنُ عُثْمَانَ، حَدَّثَنَا بَقِيَّةُ، حَدَّثَنَا شُعَيْبٌ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ عُرْوَةَ، أَنَّ عَائِشَةَ، أَخْبَرَتْهُ أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم كَانَ يَدْعُو فِي صَلَاتِهِ " اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ فِتْنَةِ الْمَسِيحِ الدَّجَّالِ وَأَعُوذُ بِكَ مِنْ فِتْنَةِ الْمَحْيَا مِنْ عَذَابِ الْقَبْرِ وَأَعُوذُ بِكَ مِنْ فِتْنَةِ الْمَحْيَا وَالْمَعْرَمِ ". فَقَالَ لَهُ قَائِلٌ مَا أَكْثَرَ مَا تَسْتَعِيذُ مِنَ الْمَأْثَمِ وَالْمَعْرَمِ ". فَقَالَ لَهُ قَائِلٌ مَا أَكْثَرَ مَا تَسْتَعِيذُ مِنَ الْمَغْرَمِ قَقَالَ " إِنَّ الرَّجُلَ إِذَا غَرِمَ حَدَّثَ فَكَذَبَ وَوَعَدَ فَأَخْلَفَ "

_ صحيح : ق .

বাংলা

৮৮০। 'উরওয়াহ (রহঃ) সূত্রে বর্ণিত। 'আয়িশাহ্ (রাঃ) তাঁকে অবহিত করেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম সালাতে এ দৃ'আ পড়তেনঃ

''আল্লাহুম্মা ইন্নী আ'উযুবিকা মিন 'আযাবিল কবরি ওয়া আ'উযুবিকা মিন ফিতনাতিল মাসীহিদ দাজ্জাল ওয়া আ'উযুবিকা মিন ফিতনাতিল মাহইয়া ওয়াল মামাত। আল্লাহুম্মা ইন্নী আ'উযুবিকা মিনাল মা'সামি ওয়াল মাগরাম।''

তখন এক ব্যক্তি বললো, মাগরাব (ঋণ) হতে অধিক পরিমাণে আশ্রয় প্রার্থনার কারণ কি? জবাবে তিনি বললেন, কোন ব্যক্তি ঋণগ্রস্ত হলে কথা বলার সময় মিথ্যা বলে এবং ওয়াদাহ্ করলে তা ভঙ্গ করে।[1]

সহীহ : বুখারী ও মুসলিম।

English

Narrated Aisha, Ummul Mu'minin:



The Messenger of Allah (ﷺ) used to make supplication during the prayer saying: "O Allah, I seek refuge in Thee from the punishment of the grave; I seek refuge in Thee from the trial of the Antichrist; I seek refuge in Thee from the trial of life and the trial of death; O Allah, I seek refuge in Thee from sin and debt." Someone said to him: How often you seek refuge from debt! He replied: When a man is in debt, he talks and tells lies, makes promises and breaks them.

ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : ইক্কামাত, অনুঃ সালামের পূর্বে দু'আ, হাঃ ৮৩২), মুসলিম (অধ্যায় : মাসাজিদ, অনুঃ সালাতে কোন বস্তু হতে আশ্রয় প্রার্থনা করবে)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ উরওয়াহ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন